সংবাদ

তারিখ ... 11.1.83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 8 ...

# শিক্ষা সংস্কার সম্পর্কে জনমত যাচাইয়ের জন্য প্রশ্নমালা প্রকাশ

গতকাল গভীর রাতে এক তথ্য বিবরণীতে বলা হয়, বাংলাদেশ সরকারের শিক্ষা, ধর্ম, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় শিক্ষা ব্যবস্থার সংস্কার ও পুনর্গঠন সম্পর্কে মতামত যাচাইয়ের জন্য এক প্রশ্নমালা প্রস্তুত করেছেন।

এই প্রশ্নমালা মুদ্রিত আকারে সংশ্লিষ্ট সকলের মধ্যে বিতরণ করা হবে। দেশের সকল বিভাগ, জেলা, থানা ও মহকুমার শিক্ষা অফিসে এই প্রশ্নমালা পাওয়া যাবে। এছাড়া ও আগ্রহী ব্যক্তিরা মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব এডুকেশনাল এ্যাডমিনিস্ট্রেশন এক্সটেনশন এণ্ড রিসার্চ (নিয়েমার), ধানমণ্ডি, ঢাকা-৫ এই ঠিকানায় যোগাযোগ করলে প্রশ্নমালা পেতে পারেন।

প্রশ্নমালার ভূমিকায় বর্তমান শিক্ষা ব্যবস্থার অসারতা এবং একটি উন্নয়নকামী দেশে নতুন সমাজ নির্মাণে কৃষি, শিল্প, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রয়োজনীয় জনশক্তি সৃষ্টিতে ব্যর্থতার কথা তুলে ধরা হয়েছে। ভূমিকায় বলা হয়, বর্তমান শিক্ষা ব্যবস্থায় প্রাথমিক পর্যায় থেকে শুরু করে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত বিভিন্ন স্তরে ব্যাপক হারে ছাত্রছাত্রীর সংখ্যা হ্রাস পায়। ভূমিকায় আরো বলা হয়, সামাজিক চাহিদা পূরণে বর্তমান শিক্ষা ব্যবস্থার ব্যর্থতা ও

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রশ্নমালা প্রকাশ

(১ম পাতার পর)

সামাজিক চাহিদার সংগে সম্পর্কহীনতা দূর না হলে আমাদের দেশের ভবিষ্যৎ অবশ্যই বিপজ্জনক।

এই অবস্থার সংশোধন করে একটি সাক্ষর কর্মমুখী সমাজ গড়ে তোলার জন্য শিক্ষা ব্যবস্থাকে বিজ্ঞানসম্মত করার জন্য কতগুলো প্রস্তাব করা হয়েছে।

প্রশ্নমালা মোট পাঁচটি স্তরে বিভক্ত। এগুলো হল: প্রাথমিক স্তর, প্রস্তুতি পর্ব, মাধ্যমিক স্তর ও উচ্চ মাধ্যমিক স্তর, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উচ্চ শিক্ষা, শিক্ষক প্রশিক্ষণ।

(অসমাপ্ত)

049